

(প্রেস বিজ্ঞপ্তি)

৭ জুলাই ২০২২ খ্রি.

চসিকের তত্ত্বাবধানে নগরীর যেসকল স্থানে পবিত্র ঈদুল আযাহার জামাত অনুষ্ঠিত হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে পবিত্র ঈদুল আযাহার প্রথম ও প্রধান জামাত সকাল ৭.৪৫ মিনিটে এবং দ্বিতীয় জামাত সকাল ৮.৪৫ মিনিটে জমিয়াতুল ফালাহ্ জাতীয় মসজিদে অনুষ্ঠিত হবে। প্রথম ও প্রধান জামাতে ইমামতি করবেন হযরতুল আল্লামা সৈয়দ আবু তালেব মোহাম্মদ আলাউদ্দিন আল কাদেরী। লালদীঘি সিটি কর্পোরেশন শাহী জামে মসজিদে ঈদ জামাত অনুষ্ঠিত হবে সকাল সাড়ে ৭টায়। এছাড়াও নগরীতে সিটি কর্পোরেশনের ব্যবস্থাপনায় সকাল সাড়ে ৭টায় হযরত শেখ ফরিদ (রা:) চশমা ঈদগাহ মসজিদ, সুগন্ধা আবাসিক এলাকা জামে মসজিদ, চকবাজার সিটি কর্পোরেশন জামে মসজিদ, জহুর হকার্স মার্কেট জামে মসজিদ, দক্ষিণ খুলশী ভিআইপি আবাসিক এলাকা জামে মসজিদ, আরেফীন নগর কেন্দ্রীয় কবর স্থান জামে মসজিদ, সাগরিকা গরু বাজার জামে মসজিদ ও সাগরিকা জহুর আহমদ চৌধুরী স্টেডিয়াম সংলগ্ন মা আয়েশা সিদ্দিকী চসিক জামে মসজিদে ঈদুল আযাহার জামাত অনুষ্ঠিত হবে। এবং ৪১ওয়ার্ডে ওয়ার্ড কাউন্সিলরগণের তত্ত্বাবধানে একটি করে ঈদ জামাত স্ব-স্ব মসজিদ অথবা ঈদগাহে অনুষ্ঠিত হবে। সকলকে স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরে নিরাপদ দূরত্ব বজায় রেখে ঈদ জামাতে অংশগ্রহণের আহ্বান জানানো যাচ্ছে।

নগরবাসীকে ঈদুল আযাহার শুভেচ্ছা জানিয়েছেন
সিটি মেয়র রেজাউল করিম চৌধুরী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী নগরবাসীকে পবিত্র ঈদুল আযাহার শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেন, মুসলমানদের দ্বিতীয় বৃহত্তম ধর্মীয় উৎসব ঈদুল আযহা। এই উৎসব মুসলিম সমাজে সাম্য ও সন্ত্রীতিপূর্ণ ভালবাসার জোয়ার বয়ে আনে। কোরবানি শুধুমাত্র ধর্মীয় উৎসবই নয় বরং ত্যাগের দীক্ষায় পরিশুদ্ধ জীবন গঠন ও ভারসাম্যপূর্ণ সমাজ গঠনের নিয়মতান্ত্রিক অনুশিলনও বটে। মেয়র বলেন, ইসলাম ব্যক্তি কেন্দ্রিক সম্পদ অর্জন ও ভক্ষণের মাঝে সীমাবদ্ধ না থেকে মনবাতার সার্বিক কল্যাণে এগিয়ে আসতে উৎসাহিত করে। তিনি নগরবাসীকে কোরবানির পশুর বর্জ্য যত্রতত্র না ফেলার আহ্বান জানান। এবং পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন।

কোরবানির পশুর বর্জ্য অপসারণে চসিকের কেন্দ্রীয় কন্ট্রোল রুম স্থাপন

আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে নগরীতে জবাইকৃত পশুর বর্জ্য দ্রুত অপসারণের কার্যক্রম মনিটরিং করার লক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের টাইগারপাসস্থ নগর ভবনের সম্মেলন কক্ষে চারদিন ব্যাপী কন্ট্রোল রুম খোলা হয়েছে। নগরীর কোথাও কোরবানিকৃত পশুর নাড়ি-ভুড়িসহ কোন ধরণের বর্জ্য দেখা গেলে নগরবাসীকে কন্ট্রোল রুমে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এই কন্ট্রোল রুমের কার্যক্রম আগামী ৯ জুলাই সকাল ৭ হতে ১২ জুলাই ২০২২খ্রি. সন্ধ্যা ৭টা পর্যন্ত চলবে। কন্ট্রোল রুমে যোগাযোগ নম্বর : ০২৩৩৩৬০০৩০।

চসিক ভ্রাম্যমাণ আদালত
পাঠানটুলী ওয়ার্ডে জনসাধারণের চলাচলের পথ ও
নালায় প্রতিবন্ধকতা অপসারণসহ পশুর হাটে অভিযান চালানো হয়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে এলাকাসীমর অভিযোগের ভিত্তিতে পাঠানটুলী ওয়ার্ডে রশিদ বিল্ডিং সংলগ্ন ০২নং গলিতে অবৈধভাবে লোহার গেইট দিয়ে জনসাধারণের চলাচলের পথ ও এলাকার পানি নিষ্কাশনে নালায় প্রতিবন্ধকতা সৃষ্টি হওয়ায় অবৈধভাবে নির্মিত গেইট ও নালায় প্রতিবন্ধকতা অপসারণ করে চলাচলের পথ উন্মুক্ত করা হয়। অভিযানে অবৈধভাবে পশুর হাট বসানোর অপরাধে এশিয়ান হাইওয়ে, মোহাম্মদপুর বিসমিল্লাহ এছো ও শুলকবহর ফাতেমা এছো'র বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। অপর এক অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অভিযানে কর্ণফুলী নুর নগর পশুর হাট পরিদর্শন করা হয়। এই সময় পশু ক্রেতা-বিক্রেতা উভয়কে মাস্ক পরিধান করা, সামাজিক দূরত্ব বজায় রাখা ও ইজারাদার কর্তৃক সার্বক্ষণিকভাবে ক্রেতা-বিক্রেতাদের জন্য হাত ধোয়ার ব্যবস্থা করাসহ জীবানু নাশক স্প্রে ব্যবহার নিশ্চিত করা এবং পর্যাপ্ত পরিমাণে মাস্ক, গ্লাভস, স্যানিটাইজার রাখার নির্দেশনা প্রদান করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩